



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩
“পল্লী ভবন”



৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Website: www.prdp.brdb.gov.bd

পত্র নং-৪৭.৬২.০০০০.৯০৬.২৬.০৩৮.১৬-৭২৮

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

তারিখঃ ১২/০৩/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ পিআরডিপি-৩ প্রকল্পের আওতাভুক্ত মোটর সাইকেল ব্যবহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (পিআরডিপি-৩) এর মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন, জোরদারকরণ ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রকল্প কর্তৃক মোটর সাইকেল বরাদ্দ প্রদান করা হয়েছে। ইতোপূর্বে প্রকল্পের আওতায় সরবরাহকৃত এবং বর্তমান বরাদ্দকৃত মোটর সাইকেল ব্যবহার, সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

- ১। প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসারগণ প্রকল্পের কাজে মোটর সাইকেল ব্যবহার করবেন। তবে, যে সকল উপজেলায় ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসারের পদ শূন্য রয়েছে সে সকল উপজেলায় প্রকল্পের কাজে নিয়োজিত কর্মকর্তাগণ উক্ত মোটর সাইকেল ব্যবহার করতে পারবেন।
 - ২। মোটর সাইকেল ব্যবহার শেষে উপজেলায় ইউআরডিও'র কার্যালয়ে সংরক্ষিত রাখবেন।
 - ৩। মোটর সাইকেল ব্যবহারের সময় সরকার নির্দেশিত প্রয়োজনীয় কাগজপত্র বিশেষ করে রেজিস্ট্রেশন, ড্রাইভিং লাইসেন্স সঙ্গে রাখতে হবে এবং হেলমেট ব্যবহার করতে হবে।
 - ৪। সুনির্দিষ্ট কারণ এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত প্রকল্প এলাকার বাইরে মোটর সাইকেল ব্যবহার করা যাবে না।
 - ৫। ইউডিও/প্রকল্পের কাজে নিয়োজিত কর্মকর্তা নিজ দায়িত্বে মোটর সাইকেল হেফাজত, সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ এবং লগবহি লিপিবদ্ধ করবেন।
 - ৬। বিশেষ প্রয়োজনে শুধুমাত্র প্রকল্পের কাজে প্রকল্প এলাকায় ভ্রমণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ প্রকল্পের মোটর সাইকেল ব্যবহার করতে পারবেন।
 - ৭। বরাদ্দকৃত মোটর সাইকেল ক্ষুয়া গেলে বা এর কোন ক্ষতিসাধন হলে ব্যবহারকৃত কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ি থাকবেন।
- বর্ণিত নির্দেশনা অনুসরণপূর্বক মোটর সাইকেল ব্যবহার নিশ্চিত করার জন্য বলা হলো। ব্যর্থতার সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ আবু সালেক
প্রকল্প পরিচালক
পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা।

তারিখঃ ১২/০৩/২০১৮ খ্রিঃ

পত্র নং-৪৭.৬২.০০০০.৯০৬.২৬.০৩৮.১৬-৭২৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার, পিআরডিপি-৩, বিআরডিবি,
- ২। উপপরিচালক, বিআরডিবি,
- ৩। অফিস/মাষ্টার কপি।

সেখ আমিনুর ইসলাম
উপপরিচালক
পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩
“পল্লী ভবন”

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Website: www.prdp.brdb.gov.bd



স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০৬.০২৬.৩৮.১৬-৭৫৩

তারিখঃ ২৯/০৩/২০১৮খ্রিঃ

বিষয়ঃ পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় সরবরাহকৃত মোটর সাইকেল ব্যবহার সংক্রান্ত।

সূত্রঃ ৪৭.৬২.০০০০.৯০৬.০২৬.৩৮.১৬-৭২৭, তারিখঃ ১২/০৩/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের কাজে নিয়োজিত ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সার্বক্ষণিক ব্যবহারের জন্য সরকারি অর্থায়নে মোটর সাইকেল সরবরাহ করা হয়েছে। অতীত উদ্বেগের সহিত লক্ষ্য করা যাচ্ছে যে, প্রকল্পের সরবরাহকৃত মোটর সাইকেল প্রকল্পের কাজে ব্যবহার না করে কোন কোন উপজেলার কর্মকর্তাগণ ব্যক্তিগত কাজে উক্ত মোটর সাইকেল ব্যবহার করছেন অথবা অনেক ক্ষেত্রে আত্মীয় স্বজন দ্বারা মোটর সাইকেল ব্যবহার করা হচ্ছে। বিষয়টি অত্যন্ত দুঃখজনক ও মোটর সাইকেল ব্যবহার নীতিমালায় সম্পূর্ণ পরিপন্থী। এতে করে একদিকে যেমন প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নে সমস্যা সৃষ্টি হচ্ছে অন্যদিকে সরকারি সম্পদের ক্ষতি সাধিত হচ্ছে। যা কোন ক্রমেই কাম্য নয়।

এমতাবস্থায়, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে প্রকল্প কর্তৃক সরবরাহকৃত মোটর সাইকেল বর্ণিত সূত্রমূলে জারিকৃত ব্যবহার নীতিমালা যথাযথ অনুসরণপূর্বক ব্যবহার নিশ্চিত করার জন্য বলা হলো। উক্ত সরবরাহকৃত মোটর সাইকেল ক্ষুয়া গেলে বা এর কোন ক্ষতিসাধিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে ব্যক্তিগতভাবে দায়ি করে ক্ষতিপূরণ আদায়ে ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ আবু সালেক

প্রকল্প পরিচালক

পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা।

তারিখঃ ২৯/০৩/২০১৮খ্রিঃ

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০৬.০২৬.৩৮.১৬-৭৫৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা, জেলা।
- ২। উপপরিচালক, বিআরডিবি, জেলা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪। অফিস কপি।

সেখ আমিনুর ইসলাম

উপপরিচালক

পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা।